



মাগুরা : ঝড়ে বিধ্বস্ত শ্রীপুর কলেজের শ্রেণীকক্ষ - ইনকিলাব

## মাগুরায় ঝড়ে বিধ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো পুনঃনির্মাণ না হওয়ায় লেখাপড়া বিঘ্নিত

মাগুরা জেলা সর্বোদাতা : সাম্প্রতিক ঝড়ে উড়ে যাওয়া ও ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো সংকোর বা পুনঃনির্মাণের কোন পদক্ষেপ গ্রহণ না করায় ছাত্র-ছাত্রীরা শ্রেণীকক্ষের অভাবে নিদারুণ কষ্টের সম্মুখীন হয়ে পড়েছে। অনেক প্রতিষ্ঠান গাছতলায় ক্লাস নিতে বাধ্য হচ্ছে। মাগুরা জেলার উপর দিয়ে বয়ে যাওয়া কালবৈশাখী ঝড়ে শ্রীপুর ডিগ্রী কলেজের টিনের শ্রেণীকক্ষ, বাখেরা মাধ্যমিক বিদ্যালয়ের টিনের ঘর, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়ের টিনের ঘর, মাগুরা

সদর উপজেলার আড়াইঘাত ও আঠারবাদা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ উড়িয়ে নিয়ে যায় এবং কোন কোন প্রতিষ্ঠানের আসবাবপত্র বিনষ্ট হয়। ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার উন্নয়নের স্বার্থে অহিন্দে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানের পুনঃনির্মাণ ও সংকোর করা জরুরী হয়ে পড়েছে। এছাড়া ঝড়ে শালিখা উপজেলার ১৫টি গ্রাম লওভও, সদর, মহম্মদপুর ও শ্রীপুর উপজেলার ১৫টি ইউনিয়নের ৫ শতাধিক কাঁচা ঘরবাড়ী, ক্ষেতের ফসল, বৃক্ষ সম্পদের ব্যাপক ক্ষতি সাধিত হয়।